

জনসংযোগ অফিস
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
সভার, ঢাকা, বাংলাদেশ
ফোন: ৭৭৯১০৪৫-৫১



Public Relations Office
Jahangirnagar University
Savar Dhaka Bangladesh
Phone: +88027791045-51

প্রেস বিজ্ঞপ্তি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
শিক্ষার্থীরা আনন্দের মধ্যদিয়ে সক্রিয় শিখন পদ্ধতিতে লেখাপড়া শিখবে
শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি, এম.পি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ৩০ জুলাই ২০২২।

জাহাঙ্গীরনগর ইউনিভার্সিটি সায়েন্স ক্লাব (জেইউএসসি) আয়োজিত ৮ম জেইউএসসি গণিত অলিম্পিয়াড ২০২২ এর পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি, এম.পি বলেছেন, গণিত হলো বিজ্ঞানের সব কিছু বুঝার মাধ্যম। এ জন্য শিক্ষার্থীদের গণিতের প্রতি উৎসাহী করতে তুলতে হবে। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো: নূরুল আলমের সভাপতিত্বে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী তাঁর ভাষণে নতুন প্রণীত শিক্ষানীতি তুলে ধরে বলেন, নতুন শিক্ষানীতি শিক্ষার্থীবান্ধব। শিক্ষার্থীরা আনন্দের মধ্যদিয়ে সক্রিয় শিখন পদ্ধতিতে লেখাপড়া শিখবে। এ জন্য পাঠ্যপুস্তক আকর্ষণীয় করে তোলা হয়েছে। শিক্ষার্থীরা জ্ঞান বিজ্ঞানের বিভিন্ন শাখায় মনোনিবেশের পাশাপাশি সংবেদনশীল, সৌন্দর্যবোধ ও মানবিকতা সম্পন্ন মানুষ হবে। তথ্য প্রযুক্তি ক্ষেত্রে সরকারের বিশেষ সাফল্য তুলে ধরে শিক্ষামন্ত্রী বলেন, অনলাইন শিক্ষা কার্যক্রমের ফলে মহামারি করোনাকালে শিক্ষার্থীরা লেখা পড়ার মধ্যে ছিল। এ জন্য সেশনজটের আশঙ্কা থেকে মুক্ত থাকা সম্ভব হয়েছে। সরকারের বিভিন্ন উন্নয়নমূলক কর্মকাণ্ড তুলে ধরে শিক্ষামন্ত্রী বলেন, স্বপ্ন বাস্তবায়নের জন্য সাহস এবং দৃঢ় ইচ্ছার প্রয়োজন হয়। বর্তমান সরকারের সেই সাহস এবং দৃঢ় ইচ্ছা আছে বলেই পদ্মা সেতুসহ বড় ধরনের প্রকল্প বাস্তবায়ন সম্ভব হচ্ছে। শিক্ষামন্ত্রী তাঁর ভাষণে গণিত অলিম্পিয়াডে বিজয়ীদের অভিনন্দন ও শুভেচ্ছা জানান। বিশ্ববিদ্যালয়ের জহির রায়হান মিলনায়তনে বেলা এগারোটায় অনুষ্ঠিত এ অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন ধামরাই আসনের সংসদ সদস্য বেনজীর আহমেদ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক শেখ মো: মনজুরুল হক, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. রাশেদা আখতার, গাণিতিক ও পদার্থবিষয়ক অনুষদের ডিন অধ্যাপক ড. অজিত কুমার মজুমদার, পদার্থবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. এ এ মামুন, শিক্ষক সমিতির সভাপতি ও গণিত বিভাগের অধ্যাপক ড. লায়েক সাজ্জাদ এন্ডেল্লাহ, আইআইটির অধ্যাপক ড. এম. মেসবাহউদ্দিন সরকার, সায়েন্স ক্লাবের প্রধান উপদেষ্টা ও ছাত্র-শিক্ষক কেন্দ্রের পরিচালক অধ্যাপক ড. মোহাম্মদ আলমগীর কবীর, ছাত্রলীগ জাবি শাখার সভাপতি আজ্জারুজ্জামান সোহেল এবং সাধারণ সম্পাদক হাবিবুর রহমান লিটন প্রমুখ।

উল্লেখ্য, গত ১ জুলাই ২০২২ তারিখে এই গণিত অলিম্পিয়াড অনুষ্ঠিত হয়।

ড. মোহাম্মদ মহিউদ্দিন
পরিচালক (ভারপ্রাপ্ত)